



বা: ম: উ: ক:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
www.bfdc.gov.bd
বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার
তেজগাঁও, ঢাকা-১২১৫



মুজিব
শতবর্ষ
100

পত্র নং- ৩৩.০৩.০০০০.১০১.১১.০১৪.২০.৭৬৪

তারিখ: ২৭/০১/২০২১ খ্রি:

- | | |
|--|---|
| ১। ব্যবস্থাপক (বিজ্ঞাপন)
দৈনিক যুগান্তর
২৪৪, প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড)
বারিধারা, ঢাকা-১২১৯ | ৩। ব্যবস্থাপক (বিজ্ঞাপন)
দৈনিক ইত্তেফাক
৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ |
| ২। ব্যবস্থাপক (বিজ্ঞাপন)
বাংলাদেশ প্রতিদিন
প্লট-৩৭১/এ, ব্লক-ডি
বসুন্ধরা আবাসিক এলাকা
বারিধারা, ঢাকা-১২১৯ | ৪। ব্যবস্থাপক (বিজ্ঞাপন)
দি ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস
ট্রপিকানা টাওয়ার (৩য় তলা)
৪৫, তোপখানা রোড, ঢাকা-১০০০ |

বিষয়: বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের জনবল নিয়োগের 'নিয়োগ বিজ্ঞপ্তি' প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের জনবল নিয়োগের নিমিত্ত সংযুক্ত 'নিয়োগ বিজ্ঞপ্তি' আপনার পত্রিকায় ১ (এক) দিনের জন্য ভিতরের পৃষ্ঠায় ২০"×৪ কলাম আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

২৭.০১.২০২১

(মুহাম্মদ হাবুন অর রশীদ)
সচিব

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

অনুলিপি:

- ১। পরিচালক (অর্থ/ক্রয় ও বিপণন), বামউক, ঢাকা।
- ২। জনাব আ.ন.ম নাজিম উদ্দীন, উপসচিব, মৎস্য-৪ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। নিয়ন্ত্রক (হিসাব/অর্থ/অডিট), বামউক, ঢাকা।
- ৪। পিএস টু চেয়ারম্যান, বামউক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



বা: ম: উ: ক:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
www.bfdc.gov.bd
বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার
তেজগাঁও, ঢাকা-১২১৫



পত্র নং-৩৩.০৩.০০০০.১০১.১১.০১৪.২০.৭৪৬

তারিখ: ২৫/০১/২০২১ খ্রি:।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী ও প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।


ক্রমিক নং	পদের নাম এবং দায়িত্ব বৈশিষ্ট্য ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতনস্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫
১	বাজারজাতকরণ অফিসার (গ্রেড-৯) বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/-	২ (দুই)	অর্থনীতি, বাণিজ্য ও পরিসংখ্যান বিষয়ে দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী।	সকল জেলা
২	স্টোর অফিসার (গ্রেড-৯) বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/-	১ (এক)	অর্থনীতি, বাণিজ্য ও পরিসংখ্যান বিষয়ে দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী।	সকল জেলা
৩	প্রশাসনিক অফিসার (গ্রেড-১১) বেতনস্কেল: ১২৫০০-৩০২৩০/-	২ (দুই)	স্নাতক ডিগ্রী।	সকল জেলা
৪	ফিস প্রসেসিং টেকনিশিয়ান (গ্রেড-১১) বেতনস্কেল: ১২৫০০-৩০২৩০/-	১ (এক)	কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি বা প্রাণীবিদ্যা বা মৎস্য বিজ্ঞানে স্নাতক ডিগ্রী।	সকল জেলা
৫	সহকারী বাজারজাতকরণ অফিসার (গ্রেড-১১) বেতনস্কেল: ১২৫০০-৩০২৩০/-	১ (এক)	স্নাতক ডিগ্রী।	সকল জেলা
৬	হিসাবরক্ষক (গ্রেড-১১) বেতনস্কেল: ১২৫০০-৩০২৩০/-	২ (দুই)	বাণিজ্যে স্নাতক ডিগ্রী।	সকল জেলা
৭	সহকারী অডিটর (গ্রেড-১৪) বেতনস্কেল: ১০২০০-২৪৬৮০/-	১ (এক)	বাণিজ্যে স্নাতক ডিগ্রী তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	
৮	ফিস প্রসেসিং সহকারী (গ্রেড-১৪) বেতনস্কেল: ১০২০০-২৪৬৮০/-	৩ (তিন)	কেমিস্ট্রি, প্রাণীবিদ্যা বা মৎস্য বিজ্ঞানে স্নাতক ডিগ্রী, তবে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	
৯	ড্রাইভার (ফেরীবোট) (গ্রেড-১৬) বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/-	২ (দুই)	অষ্টম শ্রেণী পাশসহ লক্ষ বা স্পীড বোট বা ফেরী বোট চালানোর বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা।	৭ থেকে ১৭ নং ক্রমিকের পদসমূহের জন্য নেত্রকোণা, চাঁদপুর, রাঙ্গামাটি, মাগুরা, বরিশাল, ঝালকাঠি, বরগুনা ও পটুয়াখালী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
১০	কালেকশন ও ডেলিভারী সহকারী (গ্রেড-১৬) বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/-	৫ (পাঁচ)	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের অভিজ্ঞতা।	
১১	বাজেট সহকারী (গ্রেড-১৬) বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/-	২ (দুই)	বাণিজ্যে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট, তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।	
১২	বিল সহকারী (গ্রেড-১৬) বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/-	১ (এক)	বাণিজ্যে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট, তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।	
১৩	সহকারী নিরাপত্তা পরিদর্শক (গ্রেড-১৬) বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/-	২ (দুই)	সেনা বা নৌ বা বিমান বাহিনীর নায়েক বা সমমানের প্রাক্তন সদস্য।	তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
১৪	অপারেটর (গ্রেড-১৬) বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/-	৫ (পাঁচ)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ ১ (এক) বৎসর মেয়াদি ট্রেড কোর্স সার্টিফিকেট, তবে সংশ্লিষ্ট কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা হবে।	
১৫	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক) (গ্রেড-১৬) বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/-	১০ (দশ)	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট এবং প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতি।	
১৬	অফিস সহায়ক (এম.এল.এস.এস.) (গ্রেড-২০) বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-	৩ (তিন)	অষ্টম শ্রেণী পাশ।	
১৭	গার্ড (গ্রেড-২০) বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-	২১ (একুশ)	অষ্টম শ্রেণী পাশ।	

২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

- (ক) ১১ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ/২৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ তারিখে ১৩ নং ক্রমিকের পদ ব্যতীত অন্যান্য পদের সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। ১৩ নং ক্রমিকের সহকারী নিরাপত্তা পরিদর্শক পদের প্রার্থীর বয়সসীমা ১৮-৩৫ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
 - (খ) শুধুমাত্র সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অনলাইন আবেদন পত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে এবং প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
 - (গ) অনলাইনে আবেদন ব্যতীত মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।
 - (ঘ) অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হবে।
 - (ঙ) প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
 - (চ) পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ওয়েবসাইটে (www.bfdc.gov.bd) পাওয়া যাবে।
 - (ছ) পরীক্ষার সময় মোবাইল ফোন বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস বহন করলে তার প্রার্থীতা বাতিল করা হবে।
 - (জ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শন করে কোন প্রার্থী পরীক্ষায় উত্তীর্ণ বা চাকরিপ্রাপ্ত হলে তার প্রার্থীতা বাতিলসহ চাকরি হতে যে কোন পর্যায়ে অব্যাহতি প্রদান/অপসারণ/বরখাস্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- (ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
 - (খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;
 - (গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
 - (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদপত্র;
 - (ঙ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে মুক্তিযোদ্ধা পিতা/মাতা/দাদা/দাদী/নানা/নানী'র মুক্তিযোদ্ধা সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত)। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে এ সনদপত্রের সাথে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এর স্বপক্ষে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র;
 - (চ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
 - (ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে জেলা প্রশাসক/জেলা আনসার এডজুটেন্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র;
 - (জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্র;
 - (ঝ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);
 - (ঞ) ক্রমিক ৯নং পদের প্রার্থীদের ক্ষেত্রে ডাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতার সনদপত্র;
 - (ট) ক্রমিক ১৫নং পদের প্রার্থীদের কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র;
 - (ঠ) Departmental Candidate এর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনাপত্তিপত্র।
- ৪। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ৯, ১৪ ও ১৫ নং ক্রমিকভুক্ত ডাইভার (ফেরীবোট), অপারেটর ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক) পদের প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
- ৬। সরকারের সর্বশেষ বিধি/আদেশ/প্রজ্ঞাপন মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণপূর্বক নিয়োগ প্রদান করা হবে।
- ৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ/আংশিক বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
- ৮। উপরে উল্লেখ করা হয়নি, এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।
- ৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:
- ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ <http://bfdc.teletalk.com.bd> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
- (i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।

৫

- (ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রি:, বিকাল ৫:০০ ঘটিকা।
- (iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি ও সার্ভিস চার্জ জমা দিতে পারবেন। উক্ত ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে পরীক্ষার ফি ও সার্ভিস চার্জ প্রদানে ব্যর্থ হলে প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রজিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।
- গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
- ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রজিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় ০১ (এক) কপি জমা দিবেন।
- ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রজিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ১ হতে ৬ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০ (পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬০/- (ষাট) টাকাসহ সর্বমোট ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা এবং ৭ হতে ১৭ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৪৮/- (আটচল্লিশ) টাকাসহ সর্বমোট ৪৪৮/- (চারশত আটচল্লিশ) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।
- প্রথম SMS: BFDC <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
- দ্বিতীয় SMS: BFDC <space> YES <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
- চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://bfdc.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
- ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রজিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
- জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
- (i) User ID জানা থাকলে BFDC <space> Help <space> User <space> User ID & Send to 16222.
Example: BFDC Help User ABCDEF & Send to 16222
- (ii) PIN Number জানা থাকলে BFDC <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222
Example: BFDC Help PIN ABCDEF & Send to 16222
- ঝ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজ প্রার্থী নিজ দায়িত্বে সম্পন্ন করবেন। এক্ষেত্রে কোন কম্পিউটার দোকানদার হতে উক্ত কাজ সম্পন্ন করে প্রার্থী প্রভাবিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।
- ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও vas.query@teletalk.com.bd বা email@bfdc.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।



(মুহাম্মদ হাবুন অর রশীদ)
সচিব